

সংবাদ বিজ্ঞপ্তি

টানা ৭ম বারের মতো আইসিএমএবি সেরা কর্পোরেট পুরস্কার অর্জন করলো সামিট পাওয়ার লিমিটেড



ফটো ক্যাপশনঃ সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম.এ. মান্নান, এমপি'র কাছে থেকে বিদ্যুৎ উৎপাদন ক্যাটাগরিতে আইসিএমএবি সেরা কর্পোরেট পুরস্কার- ২০১৮ গ্রহণ করেন।

(ঢাকা) ১৭ই ডিসেম্বর ২০১৯, মঙ্গলবার: সামিট পাওয়ার লিমিটেড, দি ইন্সটিটিউট অফ কন্সট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএমএবি) আয়োজিত সেরা কর্পোরেট অ্যাওয়ার্ড ২০১৮ অনুষ্ঠানে বিদ্যুৎ উৎপাদন ক্যাটাগরিতে আবারও প্রথম পুরস্কার অর্জন করেছে। এর মধ্য দিয়ে

টানা ৭ম বারের মতো কর্পোরেট সুশাসনের জন্য আইসিএমএবি'র এই স্বীকৃতি অর্জন করলো সামিট পাওয়ার লিমিটেড। সামিট পাওয়ার ২০১২ সাল থেকে ধারাবাহিকভাবে আইসিএমএবি'র পুরস্কার পেয়ে আসছে।

রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে গত ১৫ই ডিসেম্বর ২০১৯, রবিবার এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান মো. ফরিদ খান, পরিচালক আজিজা আজিজ খান, সামিট পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক লে. জে. (অব.) প্রকৌশলী আবদুল ওয়াদুদ, সামিট গাজীপুর ২ পাওয়ার ও এইস এলাইয়েন্স পাওয়ারের ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোজাম্মেল হোসেন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড অ্যান্ডেচুজ কমিশনের চেয়ারম্যান (বিএসইসি) ড. এম খায়রুল হোসেন, আইসিএমএবির সিএবিসি কমিটির চেয়ারম্যান মোহাম্মদ আলী নেওয়াজ এফসিএমএ এবং আইসিএমএবির প্রেসিডেন্ট এম. আবুল কালাম মজুমদার, এফসিএমএ।

সংক্ষেপে সামিট পাওয়ার লিমিটেড:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় ট্রিপল 'এ' রেটিং প্রাপ্ত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠান। এটি সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান। সামিট বর্তমানে জাতীয় গ্রীডের জন্য ১, ৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। সামিট গ্রুপ বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সালে থেকে টানা পাঁচবার সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের পুরস্কার পেয়ে আসছে। সামিট পাওয়ার লিমিটেড ২০০৫ সালে ঢাকা এবং চট্টগ্রাম উভয় স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির পর থেকেই ধারাবাহিকভাবে লভ্যাংশ দিয়ে আসছে।

আইসিএমএবি পুরস্কার সম্পর্কে বিস্তারিতঃ

বাংলাদেশের বিভিন্ন খাতে কর্পোরেট প্রতিষ্ঠানসমূহের অসামান্য অবদানের স্বীকৃতি এবং প্রতিযোগিতার মাধ্যমে অধিক কার্যকরী ভূমিকা পালনে জন্য মহৎ উদ্যোগ হিসেবে ২০০৭ সাল থেকে এই পুরস্কার প্রদান করা হয়। এ বছর দি ইন্সটিটিউট অফ কন্সট্রাকশন ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএমএবি) মোট ১২টি ভিন্ন ক্যাটাগরিতে ৩৪টি প্রতিষ্ঠানকে বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড প্রদান করেছে।

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান। ইমেইল: mohsena.hassan@sumit-centre.com। মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।

বিস্তারিত জানতে ভিজিট করুন: www.sumitpowerinternational.com এবং সামিটের ফেইসবুক, টুইটার, লিংকডইন অনুসরণ করুন।